# সন্ত্রাসের শাসনকাল
# (The Reign of Terror)

১। 'জাতীয় মহাসভা' (National Convention) কী?

উঃ ১৭৯২ খ্রিস্টাব্দের আগস্ট মাসে রাজাকে ক্ষমতাচ্যুত করার পর ১৭৯১ খ্রিস্টাব্দের সংবিধান ও 'আইনসভা' বাতিল হয়ে যায়। নাগরিকদের ভোটে ১৭৯২ খ্রিস্টাব্দের সেপ্টেম্বরে যে নতুন আইনসভা গঠিত হয় তা 'ন্যাশনাল কনভেনশন' নামে পরিচিত। এটি ছিল ফ্রান্সের 'তৃতীয় বিপ্লবী প্রতিনিধি সভা'। এটি ১৭৯২ থেকে ১৭৯৫ খ্রিস্টাব্দ পর্যন্ত কার্যকর ছিল।

২। জেকোবিন (Jacobin) কাদের বলা হয়? এই দলের দু'জন নেতার নাম লেখো।

উঃ ১৭৮৯ খ্রিস্টাব্দে ফরাসি বিপ্লবের সময় 'সোসাইটি অব্ দি ফ্রেন্ড অব্ দি কনস্টিটিউশন' নামে একটি সভা প্রতিষ্ঠিত হয়। এর সদস্যরা ছিলেন উগ্র বামপন্থী

ধর্মীয় ক্ষেত্রে দীর্ঘ বিরোধের অবসান ঘটে; (২) ফরাসি গির্জা রাষ্ট্রের একটি বিভাগে পরিণত হয় এবং (৩) নেপোলিয়ন ক্যাথলিক সমাজের সমর্থন লাভে সমর্থ হন।

**১৩। 'কোড নেপোলিয়ন' (Code Napoleon) কী?**

উঃ ফ্রান্সে প্রচলিত নানা ধরনের আইন-কানুনকে ঐক্যবদ্ধ ও যুগোপযোগী করার জন্য নেপোলিয়ন একটি 'আইন কমিশন' গঠন করেন এবং এই কমিশনের সুপারিশ মতো ১৮০৪ খ্রিস্টাব্দে যে আইনবিধি রচিত হয়, তা নেপোলিয়নের নামানুসারে 'কোড নেপোলিয়ন' নামে পরিচিত হয়। এই আইনবিধি তিনটি ভাগে বিভক্ত ছিল—দেওয়ানি, ফৌজদারি ও বাণিজ্যিক।

**১৪। 'কোড নেপোলিয়ন' প্রবর্তনের গুরুত্ব কী?**

উঃ 'কোড নেপোলিয়ন' প্রবর্তনের ফলে (১) ফ্রান্সে এ যাবৎ প্রচলিত আইনগুলি ঐক্যবদ্ধ ও যুগোপযোগী হয়; (২) ফরাসি বিপ্লবের অন্যতম আদর্শ 'সাম্য' প্রতিষ্ঠিত হয় এবং (৩) এই আইনবিধির মূল নীতিগুলি ইউরোপীয় দেশগুলিতে 'মডেল' হিসাবে অনুসৃত হয়।

**১৫। 'লিজিয়ন অব্ অনার' (Legion of honour) কী?**

উঃ 'লিজিয়ন অব্ অনার' হল এক বিশেষ ধরনের সম্মান বা উপাধি। রাষ্ট্রের প্রতি সেবা ও আনুগত্যের স্বীকৃতি স্বরূপ নেপোলিয়ন সামরিক ও অসামরিক ব্যক্তিদের 'লিজিয়ন অব্ অনার' উপাধি দানের প্রথা প্রবর্তন করেন।

**১৬। নেপোলিয়নকে 'বিপ্লবের সন্তান' (Child of Revolution) বলা হয় কেন?**

উঃ নেপোলিয়ন ফরাসি বিপ্লবের 'সাম্য' নীতিকে বলবৎ করেন। 'কোড নেপোলিয়ন'-এর মাধ্যমে তিনি আইনগত সমতা ও যোগ্যতার মর্যাদাদানের ব্যবস্থা করেন এবং সামন্ততান্ত্রিক বিশেষ অধিকারের বিলোপ ঘটান। ইউরোপে 'সাম্য' ও জাতীয়তাবাদের আদর্শ তিনিই ছড়িয়ে দেন। তাই তাঁকে ঐতিহাসিক ফিশার 'বিপ্লবের সন্তান' বলে অভিহিত করেছেন।

**১৭। নেপোলিয়নকে কি প্রকৃতই 'বিপ্লবের সন্তান' বলা যায়?**

উঃ নেপোলিয়ন বিপ্লবের 'সাম্য' আদর্শকে গ্রহণ করলেও 'স্বাধীনতা'র আদর্শকে বিসর্জন দেন। তাঁর শাসনব্যবস্থায় জনগণের কোনো স্থান ছিল না। বংশানুক্রমিক রাজতন্ত্র প্রতিষ্ঠা করে ও বুর্জোয়াশ্রেণীর স্বার্থ রক্ষা করে তিনি বিপ্লবের আদর্শ ও নীতিগুলির বিনাশ সাধন করেন। তাই নেপোলিয়নকে 'বিপ্লবের সন্তান' বলা যুক্তিসংগত নয়।

Scanned with CamScanner